# ৮ শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ তদন্তের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক** ●

দেশের আটটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের হিজাব ও বোরকা পরা নিয়ে ‘হয়রানি-হেনস্তার’ অভিযোগ তদন্ত করে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে নেওয়া ব্যবস্থা জানাতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এক আবেদনের শুনানি নিয়ে গতকাল বৃহস্পতিবার বিচারপতি মো. মজিবুর রহমান ও বিচারপতি খিজির হায়াতের বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে শুনানিতে ছিলেন আইনজীবী মোহাম্মদ আহসান ও ইলিয়াছ আলী মণ্ডল। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল বিপুল বাগমার।

> হিজাব ও বোরকা পরায় ‘হয়রানি হেনস্তা’

পরে আইনজীবী মোহাম্মদ আহসান বলেন, বোরকা পরায় আটটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের হয়রানির অভিযোগ তদন্ত করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। পাশাপাশি জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তা জানিয়ে ৬০ দিনের মধ্যে শিক্ষা সচিব, স্বরাষ্ট্র ■ এরপর পৃষ্ঠা ২, কলাম ৮

# ৮ শিক্ষা প্রতিষ্ঠানের

**(শেষ পৃষ্ঠার পর)** সচিব এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ডিজিকে প্রতিবেদন দিতে বলা হয়েছে। প্রতিষ্ঠানগুলো হচ্ছে নওগাঁর মহাদেবপুরের বারবারপুর উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জের দিরাইয়ের ব্রোজেন্দ্রগঞ্জ আরসি উচ্চ বিদ্যালয়, সিলেটের গোলাপগঞ্জের ভাদেশ্বর নাসির উদ্দিন উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়া ইসলামি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগ, নোয়াখালীর সেনবাগের শেরেবাংলা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম মিরেরসরাইয়ের জোয়ারগঞ্জ বৌদ্ধ উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামের চন্দনাইশের সাতবাড়িয়া উচ্চ বিদ্যালয় এবং গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ১১ আগস্ট শুনানির পরবর্তী তারিখ রেখেছেন আদালত।

বোরকা পরায় স্কুলছাত্রী ও অভিভাবক হয়রানির ঘটনা নিয়ে গণমাধ্যমে আসা প্রতিবেদন যুক্ত করে ২০১৯ সালে হাইকোর্টে রিট করেন দৈনিক আল ইহসান ও মাসিক আল বাইয়্যেনাত পত্রিকার সম্পাদক আল্লামা মোহাম্মদ মাহবুব আলম। রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে একই বছরের ১ জুলাই হাইকোর্ট রুল দেন। রুলে নির্ধারিত স্কুলড্রেসের ওপর বোরকা পরায় বিভিন্ন স্কুল ও কলেজে মুসলিম শিক্ষার্থীদের হয়রানি করা কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়। আগের রিটের সূত্র ধরে বোরকা পরায় শিক্ষা প্রতিষ্ঠানে মুসলিম শিক্ষার্থীদের হয়রানির অভিযোগ নিয়ে গণমাধ্যমে আসা প্রতিবেদন যুক্ত করে গত মাসে একটি সম্পূরক আবেদন করেন। ওই আবেদনে ৮টি শিক্ষা প্রতিষ্ঠানে হিজাব ও বোরকা পরা নিয়ে হেনস্তার অভিযোগের তদন্ত করে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা চাওয়া হয়। বৃহস্পতিবার এ বিষয়ে শুনানি হয়।